

P - II (1+1+1) G / 20 (N)

2020

ELECTIVE BENGALI (General)

Paper Code : II - A & B

[New Syllabus]

Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

Example : Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

Subject Code :

III	A	&	B
-----	---	---	---

Subject Name :

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

Example – If alternative A of 1 is correct, then write :

1. – A

- There is no negative marking for wrong answer.

মাল্টিপল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

উদাহরণ — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

Subject Code :

III	A	&	B
-----	---	---	---

Subject Name :

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A)/(B)/(C)/(D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

উদাহরণ — যদি 1 নম্বর প্রশ্নের সঠিক উত্তর A হয় তবে লিখতে হবে :

1. – A

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।

Paper Code : II - A

Full Marks : 50

Time : One Hour

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। স্বাসাঘাত প্রধান ছন্দের অন্য একটি নাম হলো —

- (A) মুক্তক ছন্দ
- (B) অক্ষরবৃত্ত ছন্দ
- (C) দলবৃত্ত ছন্দ
- (D) মাত্রাবৃত্ত ছন্দ

২। কোন্ ছন্দে শোষণশক্তি বেশি —

- (A) তানপ্রধান
- (B) ধ্বনিপ্রধান
- (C) স্বাসাঘাতপ্রধান
- (D) সনেট

৩। ‘রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে’— কোন্ রীতির ছন্দ?

- (A) তানপ্রধান
- (B) ধ্বনিপ্রধান
- (C) স্বাসাঘাতপ্রধান
- (D) গদ্যছন্দ

৪। ধ্বনিপ্রধান ছন্দে ব্যঞ্জনান্ত অক্ষর কয় মাত্রার হয়?

- (A) এক মাত্রা
- (B) দুই মাত্রা
- (C) এক মাত্রা অথবা দুই মাত্রা
- (D) কোনোটিই নয়

৫। মধুসূদন দত্ত বাংলা কাব্যে কোন্ ছন্দ প্রবর্তন করেন?

- (A) ধ্বনিপ্রধান ছন্দ
- (B) মুক্তক ছন্দ
- (C) গদ্য ছন্দ
- (D) অমিত্রাক্ষর ছন্দ

৬। ‘রাত পোহাল ফর্সা হল ফুটল কত ফুল’ — চরণটিতে কয়টি পর্ব আছে?

- (A) দুই
- (B) তিন
- (C) চার
- (D) পাঁচ

৭। উপমেয় কাকে বলে?

- (A) যার সঙ্গে তুলনা করা হয়
- (B) যাকে তুলনা করা হয়
- (C) সাদৃশ্যবাচক শব্দকে
- (D) সাধারণ ধর্মকে

৮। উপমা অলঙ্কারের কয়টি অঙ্গ?

- (A) দুটি
- (B) তিনটি
- (C) চারটি
- (D) পাঁচটি

- ৯। ‘বাজিল বনে বাঁশের বাঁশরী
বনে বসে বাজাইছে বনবিহারী’ — কোন্ অলঙ্কার আছে?
- (A) যমক
(B) শ্লেষ
(C) উৎপ্রেক্ষা
(D) অনুপ্রাস
- ১০। উপমেয়ের সাথে উপমানের অভেদ কল্পিত হয় কোন্ অলঙ্কারে?
- (A) রূপক
(B) বিষম
(C) সমাসোক্তি
(D) বিভাবনা
- ১১। উপমেয়কে নিষিদ্ধ বা অস্বীকার করা হয় কোন্ অলঙ্কারে?
- (A) নিশ্চয়
(B) ব্যাজস্তুতি
(C) অপহুতি
(D) উপমা
- ১২। ‘পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি’ — এখানে উপমেয় হলো —
- (A) পূর্ণিমা
(B) চাঁদ
(C) ঝলসানো
(D) রুটি

১৩। ‘মালোপমা’ শব্দের অর্থ হলো —

- (A) রূপকের মালা
- (B) উপমানের মালা
- (C) উপমেয়ের মালা
- (D) উৎকর্ষের মালা

১৪। সাদৃশ্যমূলক অলংকারের দৃষ্টান্ত হলো —

- (A) বিরোধাভাস
- (B) অনুপ্রাস
- (C) উপমা
- (D) বিষম

১৫। সাহিত্যিক মহাকাব্যের একটি উদাহরণ হলো —

- (A) সোনার তরী
- (B) বীরঙ্গনা কাব্য
- (C) মেঘনাদবধ কাব্য
- (D) অন্নদামঙ্গল কাব্য

১৬। ‘তিতাস একটি নদীর নাম’ উপন্যাসটি কোন্ শ্রেণীর উপন্যাস?

- (A) রাজনৈতিক উপন্যাস
- (B) ঐতিহাসিক উপন্যাস
- (C) আঞ্চলিক উপন্যাস
- (D) রোমান্সধর্মী উপন্যাস

১৭। বাংলা 'গীতিকবিতা' শব্দের যথার্থ ইংরেজি প্রতিশব্দ হলো —

- (A) Sonnet
- (B) Lyric
- (C) Epic
- (D) Novel

১৮। মহাকাব্যের সর্বাধিক সর্গ সংখ্যা কত?

- (A) নয়
- (B) আঠারো
- (C) বাইশ
- (D) ত্রিশ

১৯। মহাভারত কোন্ শ্রেণীর কাব্য?

- (A) আদি মহাকাব্য
- (B) সাহিত্যিক মহাকাব্য
- (C) গীতিকবিতা
- (D) শোককাব্য

২০। 'প্রবন্ধ' শব্দটির অর্থ হলো —

- (A) বন্ধনহীন
- (B) যুক্তিহীন
- (C) প্রকৃষ্টরূপে বন্ধন
- (D) পূর্বে আলোচনা

২১। কোন্ শ্রেণীর নাটকের সমাপ্তিতে বিষাদান্ত ঘটনা থাকে?

- (A) ট্রাজেডি
- (B) কমেডি
- (C) ঐতিহাসিক নাটক
- (D) একাক্ষ নাটক

২২। বাংলা সাহিত্যের একজন শ্রেষ্ঠ গীতিকবি হলেন —

- (A) ঈশ্বর গুপ্ত
- (B) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
- (C) দ্বিজেন্দ্রলাল রায়
- (D) রবীন্দ্রনাথ ঠাকুর

২৩। ‘শেষ হয়ে হইল না শেষ’ _____ কোন্ শ্রেণীর সাহিত্য সম্পর্কে একথা বলা যেতে পারে?

- (A) উপন্যাস
- (B) নাটক
- (C) ছোটগল্প
- (D) মহাকাব্য

২৪। ‘সোনার তরী’ কাব্যটি কত সালে প্রকাশিত?

- (A) ১৮৮৭ খ্রিস্টাব্দ
- (B) ১৮৯০ খ্রিস্টাব্দ
- (C) ১৮৯৪ খ্রিস্টাব্দ
- (D) ১৮৯৬ খ্রিস্টাব্দ

২৫। ‘কূলে একা বসে আছি নাহি ভরসা’ — কোন্ কবিতার অংশ এটি?

- (A) বসুন্ধরা
- (B) বৈষ্ণব কবিতা
- (C) সোনার তরী
- (D) যেতে নাহি দিব

২৬। ‘যেতে নাহি দিব’ কবিতায় শিশুকন্যার বয়স কত ?

- (A) আট বছর
- (B) চার বছর
- (C) ছয় বছর
- (D) নয় বছর

২৭। “আর কত দূরে নিয়ে যাবে মোরে

হে সুন্দরী?” – কোন্ কবিতার অংশ?

- (A) সোনার তরী
- (B) বসুন্ধরা
- (C) নিরুদ্দেশ যাত্রা
- (D) যেতে নাহি দিব

২৮। রবীন্দ্রনাথ ঠাকুরের যে কবিতাটিতে বিশ্ববোধের প্রকাশ ঘটেছে —

- (A) সোনার তরী
- (B) বসুন্ধরা
- (C) হিং টিং ছিট
- (D) জুতা আবিষ্কার

২৯। 'যেতে নাহি দিব' কবিতাটি কবি কোথায় লিখেছিলেন?

- (A) বরিশাল
- (B) শান্তিনিকেতন
- (C) শিলাইদহ
- (D) জোড়াসাঁকো

৩০। 'নবান্ন' নাটকটির রচয়িতা কে?

- (A) রবীন্দ্রনাথ ঠাকুর
- (B) বিজন ভট্টাচার্য
- (C) তুলসী লাহিড়ী
- (D) ব্রাত্য বসু

৩১। 'চল বউ আমরা গাঁয়ে ফিরে যাই' — 'নবান্ন' নাটকে এই সংলাপের বক্তা কে?

- (A) মাখন
- (B) হারু
- (C) রাধিকা
- (D) খুকীর মা

৩২। গণনাট্য আন্দোলনের সাথে যে নাটকের নাম জড়িয়ে আছে —

- (A) নবান্ন
- (B) সাজাহান
- (C) কৃষ্ণকুমারী
- (D) ডাকঘর

৩৩। ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় কোন্ উপন্যাসটি লিখেছেন?

- (A) দুর্গেশনন্দিনী
- (B) রামের সুমতি
- (C) ধাত্রীদেবতা
- (D) কঙ্কাবতী

৩৪। রাজশেখর বসুর ছদ্মনাম কী?

- (A) ভানুসিংহ
- (B) অনিলাদেবী
- (C) পরশুরাম
- (D) কুন্ডিলাস

৩৫। 'আদাব' গল্পটি কে রচনা করেছেন?

- (A) রবীন্দ্রনাথ ঠাকুর
- (B) রাজশেখর বসু
- (C) সমরেশ বসু
- (D) নরেন্দ্রনাথ মিত্র

৩৬। 'আদাব' গল্পের কেন্দ্রীয় বিষয় কি?

- (A) রাজনীতি
- (B) সমাজ সমস্যা
- (C) প্রেম
- (D) ছেচল্লিশের দাঙ্গা

৩৭। মকবুল কোন্ গল্পের চরিত্র?

- (A) হনুমানের স্বপ্ন
- (B) আদাব
- (C) টোপ
- (D) পালঙ্ক

৩৮। “গরীবের হিন্দুস্থানও নাই পাকিস্তানও নাই, কেবল এক গোরস্থান আছে? — এই উক্তি কার?

- (A) ধলাকর্তা
- (B) ফতেমা
- (C) মকবুল
- (D) নলাকার

৩৯। ‘তেলেনাপোতা আবিষ্কার’ গল্পটি কার লেখা?

- (A) নারায়ণ গঙ্গোপাধ্যায়
- (B) প্রেমেন্দ্র মিত্র
- (C) নরেন্দ্রনাথ মিত্র
- (D) রাজশেখর বসু

৪০। যামিনী চরিত্রটি যে গল্পে পাওয়া যায় —

- (A) তেলেনাপোতা আবিষ্কার
- (B) আদাব
- (C) হনুমানের স্বপ্ন
- (D) টোপ

৪১। ‘টোপ’ গল্পে টোপ হিসাবে কী ব্যবহার করা হয়েছিল?

- (A) একটি ছাগলের বাচ্চা
- (B) একটি মহিষের বাচ্চা
- (C) একটি মানুষের বাচ্চা
- (D) একটি পাখির বাচ্চা

৪২। স্বরবৃত্ত ছন্দের মূলপর্ব কয় মাত্রার হয়?

- (A) চার মাত্রার
- (B) ছয় মাত্রার
- (C) আট মাত্রার
- (D) দশ মাত্রার

৪৩। ‘এখনি অন্ধ বন্ধ কর না পাখা’ — কোন্ অলংকার আছে?

- (A) বৃত্ত্যনুপ্রাস
- (B) ছেকানুপ্রাস
- (C) লাটানুপ্রাস
- (D) অন্ত্যানুপ্রাস

৪৪। একটি সামাজিক উপন্যাসের উদাহরণ হলো —

- (A) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘চোখের বালি’
- (B) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘পথের দাবী’
- (C) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘বিষবৃক্ষ’
- (D) মানিক বন্দোপাধ্যায়ের ‘পদ্মানদীর মাঝি’

৪৫। ধান কাটার দৃশ্য রয়েছে কোন্ কবিতায়?

- (A) বৈষ্ণব কবিতা
- (B) সোনার তরী
- (C) মানস সুন্দরী
- (D) যেতে নাহি দিব

৪৬। ‘কঙ্কাবতী’ উপন্যাসটির মূল রস কী?

- (A) বীররস
- (B) করুণরস
- (C) শৃঙ্গাররস
- (D) হাস্যরস

৪৭। কালকূট ছদ্মনামটি কোন্ সাহিত্যিকের?

- (A) নরেন্দ্রনাথ মিত্র
- (B) সমরেশ বসু
- (C) বিমল কর
- (D) ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়

৪৮। ‘নবান্ন’ নাটকটির প্রকাশকাল কত?

- (A) ১৯১৪ খ্রিস্টাব্দ
- (B) ১৯৩৪ খ্রিস্টাব্দ
- (C) ১৯৪০ খ্রিস্টাব্দ
- (D) ১৯৪৪ খ্রিস্টাব্দ

৪৯। ‘বিদ্রোহী’ কবিতাটির রচয়িতা কে?

- (A) রবীন্দ্রনাথ ঠাকুর
- (B) কাজী নজরুল ইসলাম
- (C) জীবনানন্দ দাশ
- (D) বিজন ভট্টাচার্য

৫০। ‘ঐ গঙ্গায় ডুবিয়েছে হায় ভারতের দিবাকর।’ — কোন্ কবিতার চরণ?

- (A) কাণ্ডারী হুঁশিয়ার
 - (B) বিজয়িনী
 - (C) দারিদ্র্য
 - (D) অভিশাপ
-

P - II (1+1+1) G / 20 (N)

2020

ELECTIVE BENGALI (General)

Paper Code : II - B

[New Syllabus]

Full Marks : 100

Time : Three Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

- ১। ধ্বনিপ্রধান ছন্দ কাকে বলে? ধ্বনিপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে আলোচনা করো। ২+৫=৭

অথবা

পয়ারের রূপভেদগুলির পরিচয় দাও। ৭

- ২। ছন্দোলিপি প্রস্তুত করো (দুইটি) : ৩×২=৬

(ক) রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে।

শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।।

(খ) বাঁশ বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ঐ
মাগো আমার শোলোক বলা কাজলা দিদি কই।

(গ) আজ হল রবিবার খুব মোট বহরের
কাগজের এডিশন যত আছে শহরের,
কানাকানি যত আছে আজগুবি সংবাদ
যায়নিকো কোনোটার একটুও রঙ বাদ।

(ঘ) কেমন করে বীর ডুবুরি সিঙ্কু সৈঁচে মুক্তা আনে
কেমন করে দুঃসাহসী চলছে উড়ে স্বর্গ পানে।

৩। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে কোনো দুইটি) : ৩×২=৬

(ক) বৃত্ত্যনুপ্রাস, অনুপ্রাস, শ্লেষ, যমক

অথবা

উপমা অলংকার কাকে বলে? উদাহরণসহ উপমার বিভাগগুলির পরিচয় দাও। ৬

(খ) অলংকার নির্ণয় করো দুইটি : ৩×২=৬

(অ) ভারত, ভারত খ্যাত আপনার গুণে।

(আ) দেখিবারে আঁখি পাখি ধায়।

(ই) চোখে চোখে কথা নয় গো বন্ধু,

আগুনে আগুনে কথা।

৪। মহাকাব্য কাকে বলে? মহাকাব্য কয় প্রকার? যে কোনো একটি শ্রেণীর মহাকাব্যের বৈশিষ্ট্য উল্লেখ করো। ২+১+৭=১০

অথবা

প্রবন্ধের সংজ্ঞা নিরূপণ করে প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ২+৮=১০

৫। ‘সোনার তরী’ কাব্যটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ১০

অথবা

‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতায় যে ‘বিদেশিনী’, ‘মধুরহাসিনী’র উল্লেখ আছে তাঁর সাথে কবির সম্পর্কটি কবিতা অবলম্বনে আলোচনা করো। ১০

৬। ‘বিদ্রোহী’ নজরুল ইসলামের কাব্যধারার প্রতিনিধি স্থানীয় কবিতা — মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

অথবা

‘অভিশাপ’ একটি সার্থক প্রেমের কবিতা — আলোচনা করো। ১০

৭। গণনাট্য আন্দোলনের নাটক হিসেবে 'নবান্ন' নাটকটির সার্থকতা আলোচনা করো। ১০

অথবা

'নবান্ন' কথার অর্থ কী? নাট্যকাহিনী বিশ্লেষণ করে 'নবান্ন' নামকরণের যৌক্তিকতা বিচার করো। ১+৯=১০

৮। 'কঙ্কাবতী' উপন্যাসের নায়িকা চরিত্র হিসেবে কঙ্কাবতী চরিত্রটির সার্থকতা বিচার করো। ১৫

অথবা

'কঙ্কাবতী' উপন্যাসে ব্যঙ্গ ও কৌতুকরস পরিবেশনে উপন্যাসিকের কৃতিত্ব বিচার করো। ১৫

৯। যে কোনো দুইটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- (ক) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (খ) 'টোপ' গল্পে রাজাবাহাদুর চরিত্রটির মধ্য দিয়ে যে সামন্ততান্ত্রিক নিষ্ঠুরতার প্রকাশ ঘটেছে, গল্পটি বিশ্লেষণ করে উত্তর দাও।
- (গ) ছোটগল্প হিসেবে 'পালঙ্ক' গল্পটির সার্থকতা বিচার করো।
- (ঘ) 'আদাব' গল্পটিতে দাঙ্গাকে অতিক্রম করে যে মানবিকতার প্রকাশ ঘটেছে গল্প অবলম্বনে তার পরিচয় দাও।